

## কারিগরি শিক্ষা বোর্ডে পাসের হার ও জিপিএ-৫ বেড়েছে

### যুগান্তর রিপোর্ট

কারিগরি শিক্ষা বোর্ডের পাসের হার গত বছরের তুলনায় এ বছর সুমান্য বেড়েছে। প্রকাশিত ফলাফলে দেখা যায়, এ বছর কারিগরি শিক্ষা বোর্ডে পাসের হার ৮৫ দশমিক ৫৮। গত বছর যা ছিল ৮৫ দশমিক ০২ শতাংশ। এছাড়া এ বছর জিপিএ-৫ পেয়েছে ৬ হাজার ৪৩০ শিক্ষার্থী। গত বছর এ সংখ্যা ছিল ৬ হাজার ৩৯৩। সারা দেশের মোট এক হাজার ৬৪৬টি ইন্সটিটিউটের ৯৮ হাজার ২৯৬ জন পরীক্ষার্থী ৬২০টি সেন্টারের মাধ্যমে পরীক্ষায় অংশ নেয়। পরীক্ষায় অসুদৃশ্য অবলম্বনের জন্য ২১৮ শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়। পাস করেছে ৮৪ হাজার ১২৫। পাসের হার বেড়েছে : পৃষ্ঠা ১৯ : কলাম ৪

## বেড়েছে : পাসের হার (শেষ পৃষ্ঠার পর)

৮৫ দশমিক ৫৮ শতাংশ। গত বছর কারিগরি বোর্ডের অধীনে পরীক্ষায় অংশ নেয় এক লাখ চার হাজার ৫৮৭ জন এবং পাস করেছিল ৮৮ হাজার ৯২৫ জন। পাসের হার ছিল ৮৫ দশমিক ০২ শতাংশ। ফলাফল বিশ্লেষণে দেখা গেছে, এইচএসসিতে (ব্যবসায় ব্যবস্থাপনা) মোট ৮৯ হাজার ৩৮৪ জন শিক্ষার্থী অংশ নিয়ে পাস করেছে ৭৮ হাজার ২০১। এর মধ্যে ছাত্র ৫২ হাজার ৬৪ জন এবং ছাত্রী ২৬ হাজার ১৩৭। ডিপ্লোমা-ইন-কমার্শ পঠাক্রমে মোট ৩১৪ জন শিক্ষার্থী অংশ নিয়ে ২৮১ জন পাস করেছে। যার মধ্যে ছাত্র ১৭৯ জন এবং ছাত্রী ১০২। এছাড়া এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষায় মোট ৮ হাজার ৫৯৮ শিক্ষার্থী অংশ নিয়ে পাস করেছে ৫ হাজার ৬৪৩ জন। যার মধ্যে ছাত্র ৪ হাজার ৯১৭ জন এবং ছাত্রী ৭২৬। এছাড়া এক হাজার ৬৪৬টি প্রতিষ্ঠানের মধ্যে এ বছর শতভাগ পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা ১৮০টি। তবে সূন্য পাসের হার এমন কোনো প্রতিষ্ঠান নেই।